

চিকুনগুনিয়া বুলেটিন

সংখ্যা ১৫ তারিখ: ১৭ জুলাই ২০১৭ সোমবার

সর্বশেষ পরিস্থিতি

৯ এপ্রিল থেকে ১৭ জুলাই ২০১৭ বিকেল ৫টা পর্যন্ত আইইডিসিআর ল্যাবরেটরীতে নিশ্চিত হওয়া চিকুনগুনিয়া রোগীর সংখ্যা ৭২০ (সাত শত বিশ)।

নরসিংদীতে জাতীয় কমিটির সফর



চিকুনগুনিয়া পরিস্থিতি পর্যবেক্ষণ ও জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে সৈয়দ আবুল মকসুদের নেতৃত্বে জাতীয় চিকুনগুনিয়া পর্যবেক্ষণ কমিটির একটি দল আজ ১৭ জুলাই নরসিংদী সিভিল সার্জন কার্যালয়, জেলা হাসপাতাল ও সংলগ্ন এলাকায় বৈঠক ও গণসংযোগ করেন। আইইডিসিআর, স্বাস্থ্য অধিদপ্তরের রোগ নিয়ন্ত্রণ শাখা ও নিপসমের প্রতিনিধিগণ সফর দলে ছিলেন। নরসিংদী জেলা হাসপাতালের আরএমও ডা. মিজানুর রহমান কর্মসূচি সমন্বয় করেন।

বিএমএ'র কর্মসূচী

আজ ১৭ জুলাই বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন (বিএমএ) ঢাকার লালবাগ কেল্লার মোড় থেকে সমাবেশের মাধ্যমে জনসচেতনতা কর্মসূচি শুরু করে। সমবেত জনতার উদ্দেশ্যে বক্তব্য প্রদান করেন বিএমএ সভাপতি ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন ও মহাসচিব ডা. এহতেশামুল হক চৌধুরী।



র্যালী থেকে রাস্তার দু' পাশে অবস্থিত গৃহ প্রাঙ্গনে ফগার যন্ত্র দিয়ে মশা নিধন, লিফলেট বিতরণ, পথসভা অনুষ্ঠিত হয়। বিএমএ ১৮ জুলাই দুপুর ১২টায় বিএমএ ভবনে শহীদ ডা. শামসুল আলম খান সভাকক্ষে সেমিনার করবে।

টাঙ্গাইল মেডিক্যাল কলেজে সেমিনার



গতকাল ১৬ জুলাই সকালে টাঙ্গাইলস্থ শেখ হাসিনা মেডিক্যাল কলেজে অধ্যক্ষের সম্মেলন কক্ষে চিকুনগুনিয়া বিষয়ে এক বৈজ্ঞানিক সেমিনার অনুষ্ঠিত হয়। অধ্যক্ষ অধ্যাপক মো. আলী খানের সভাপতিত্বে এ সেমিনারে আলোচনা করেন আইইডিসিআর-এর প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ডা. মিনতী রাণী সাহা, সিভিল সার্জন ডা. মো. শরীফ হোসেন, টাঙ্গাইল বিএমএ সভাপতি ডা. ইবনে সাইদ প্রমুখ।

চিকিৎসক দ্বারা রেফার করা যে সকল সম্ভাব্য চিকুনগুনিয়া রোগীকে আইইডিসিআর-এ রক্ত পরীক্ষা করা হয়

- যাদের বয়স ৫ বছরের নীচে ও ৬০ বছরের বেশী
- গর্ভবতী নারী
- অন্যান্য দীর্ঘমেয়াদী রোগ থাকলে

স্বাস্থ্য অধিদপ্তরের হটলাইন ১৬২৬৩ নম্বরে স্বাস্থ্য বাতায়নে চিকুনগুনিয়া বিষয়ে ২৪ ঘন্টা তথ্য পাবেন।

চিকুনগুনিয়া সম্বন্ধে বিস্তারিত জানতে এই ওয়েবসাইট ভিজিট করুন- www.iedcr.gov.bd অথবা হটলাইনঃ ০১৯৩৭১১০০১১, ০১৯৩৭০০০০১১ ফোন করুন